# ২০২২
# বাংলা
## (অনার্স)
## (জেনেরিক ইলেকটিভ)
(সি বি সি এস পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

তৃতীয় সেমেস্টার

কোর্স কোর্ড : BENG-H-GE-T-1

[বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ), ছন্দ, অলংকার, বৈষ্ণব পদাবলী]

পূর্ণমান : ৬০ সময় : ২ $\frac{১}{২}$ ঘণ্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) চর্যাপদের আদি পদকর্তা কে? তাঁর রচিত পদের সংখ্যা কয়টি?

খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি কে, কোন্ স্থান থেকে আবিস্কার করেন?

গ) বাংলা ভাষায় রচিত সর্বশ্রেষ্ঠ চৈতন্য জীবনী কাব্যের রচয়িতার নাম উল্লেখ করে কাব্যের নাম লেখো।

(পরের পাতায়)

ঘ) বাংলা ভাষায় অনূদিত মহাভারতের সর্বশ্রেষ্ঠ অনুবাদক কে? তাঁর অনূদিত মহাকাব্যটির নাম কী?

ঙ) 'সুকবিবল্লভ' কোন্ কবির উপাধি? তাঁর রচিত কাব্যের নাম লেখো।

চ) চণ্ডীমঙ্গল কাব্যধারার শ্রেষ্ঠ কবির নাম উল্লেখ করে তাঁর রচিত কাব্যের নাম লেখো।

ছ) ধর্মমঙ্গল কাব্যধারায় সর্বপ্রথম মুদ্রিত গ্রন্থ কোনটি? গ্রন্থটির রচয়িতা কে?

জ) বাচ্যোৎপ্রেক্ষা কাকে বলে? উদাহরণ দাও।

ঝ) শাক্ত পদাবলীতে 'ভক্তের আকুতি' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

ঞ) 'রাধার কি হৈল অন্তরে ব্যথা' - পদটি কোন্ পর্যায়ের পদ? পদটির রচয়িতা কে?

ট) বৈষ্ণব সাহিত্যে 'বাৎসল্য' পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তা কে? এই পর্যায়ের তোমাদের পাঠ্য পদটি উল্লেখ করো।

ঠ) শ্রীচৈতন্যদেবের আবির্ভাব ও তিরোধান কাল উল্লেখ করো।

ড) স্বরবৃত্ত ছন্দের মাত্রা গণনার পদ্ধতি লেখো।

ঢ) উদাহরণ সহযোগে শ্লেষ অলংকারের সংজ্ঞা আলোচনা করো।

ণ) 'এও যে দেখি রক্তের মতো রাঙা দুটি জবাফুল'— কোন্ অলংকারের উদাহরণ? বুঝিয়ে দাও।

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) কাশীরাম দাসের মহাভারতের শ্রেষ্ঠত্বের নিদর্শন দাও।



খ) চৈতন্যজীবনী কাব্য রূপে 'শ্রীচৈতন্যচরিতামৃত' গ্রন্থটির গুরুত্ব আলোচনা করো।

গ) 'অন্নদামঙ্গল' কাব্যকে 'নূতন মঙ্গল' কাব্য বলা হয় কেন? আলোচনা করো।

ঘ) 'এ সখি হামারি দুখের নাহি ওর'— কোন্ পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো।

ঙ) ছন্দোলিপি নির্ণয় করো :

ধরণী এগিয়ে আসে দেয় উপহার,

ও যেন কনিষ্ঠা মেয়ে দুলালী আমার।

চ) টীকা লেখো (যে-কোন **দুটি**) :

বক্রোক্তি, যমক, অনুপ্রাস।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) বাংলা সাহিত্যের ইতিহাসে চর্যাপদের সামাজিক চিত্র ও কাব্যমূল্য আলোচনা করো। ৫+৫

খ) মনসামঙ্গল কাব্যধারায় বিজয়গুপ্ত ও নারায়ণদেবের কৃতিত্ব ব্যাখ্যা করো। ৫+৫

গ) বৈষ্ণব পদাবলী সাহিত্যে বিদ্যাপতি ও চণ্ডীদাসের তুলনামূলক আলোচনা করো। ৫+৫

ঘ) মাত্রাবৃত্ত ছন্দের সংজ্ঞা লেখো। এই ছন্দের বৈশিষ্ট্য উদাহরণসহ আলোচনা করো। ২+৮

———